

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪২৩৬  
তেলিয়ামুড়া, ১৫ ডিসেম্বর, ২০২৩

বিকশিত ভারত সংকল্প যাত্রা  
তেলিয়ামুড়া পুর পরিষদের উদ্যোগে বিকাশ শিবির

বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে সম্প্রতি তেলিয়ামুড়া পুর পরিষদের উদ্যোগে কালীটিলায় বিকাশ শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে উপস্থিত ছিলেন তেলিয়ামুড়া পুর পরিষদের চেয়ারপার্সন রূপক সরকার, পুর পরিষদের ডেপুটি সিইও অমিত রায় চৌধুরি সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। শিবিরে পুর পরিষদের পক্ষ থেকে ২৫২টি আর ও আর, পি এম স্বনির্ধি যোজনায় ২টি এবং ট্রেড লাইসেন্সের জন্য ১১টি আবেদন পত্র জমা নেওয়া হয়। এছাড়া মহকুমা প্রশাসনের পক্ষ থেকে ৫৪টি পিআরটিসি, ২৪টি এসসি, ১টি এসটি, ১২টি ওবিসি এবং ৭টি ম্যারেজ সার্টিফিকেটের জন্য আবেদনপত্র গ্রহণ করা হয়। শ্রমদপ্তরের পক্ষ থেকে নির্মাণ শ্রমিক কল্যাণ প্রকল্পে ১৩ জনের কাছ থেকে আবেদনপত্র গ্রহণ করা হয়। শিবিরে স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে ৩১ জনের স্বাস্থ্য পরীক্ষা করে বিনামূল্যে ঔষধ দেওয়া হয়। এছাড়া ৫৭ জনের কাছ থেকে আয়ুষ্মান ভারত প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনায় হেলথ কার্ডের জন্য আবেদনপত্র জমা নেওয়া হয়। শিবিরে কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের পক্ষ থেকে পিএম কিষাণ সন্মাননির্ধি যোজনায় ১০ জনের কাছ থেকে আবেদন পত্র জমা নেওয়া হয়। তাছাড়া মৎস্য দপ্তরের পক্ষ থেকে ২ জন সুবিধাভোগীকে আইস বক্স প্রদান করা হয়। শিবিরে পুর পরিষদ এলাকার ১৩ নং, ১৪ নং এবং ১৫ নং ওয়ার্ডে বসবাসরত জনগণ অংশগ্রহণ করেন।

\*\*\*\*\*